তারিখ . 04 OCT 2016 . . .
পৃষ্ঠা . . . ৬ . . . কলাম . . . ৬ . . . . . .

দৈনিক ইত্তেফাক

রাবি ভর্তি

# প্রতি আসনের বিপরীতে লড়বে ৩৮ জন

■ রাবি সংবাদদাতা

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের সম্মান প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় প্রতি আসনের বিপরীতে প্রতিদ্বন্দ্বিতা করছেন ৩৮ জন ভর্তিচ্ছু। এবছর বিশ্ববিদ্যালয়ের ৫৬টি বিভাগ ও দুটি ইনস্টিটিউটে কোটাসহ মোট ৪ হাজার ৭১৩ আসনের বিপরীতে ভর্তি পরীক্ষায় অংশ নিতে ১ লাখ ৭৮ হাজার ৯৪৯ জন শিক্ষার্থী আবেদন করেছেন। এর মধ্যে ৫৫৪টি আসন মুক্তিযোদ্ধা, পোষ্য কোটা, ক্ষুদ্র নৃগোষ্ঠী ও প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত রয়েছে।

গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক শাখার উপ-রেজিস্ট্রার এ এইচ এম আসলাম হোসেন এ তথ্য নিশ্চিত করে জানান, মোট নয়টি ইউনিটে এ ভর্তি পরীক্ষা আগামী ২৪ অক্টোবর শুরু হয়ে ২৭ অক্টোবর পর্যন্ত অনুষ্ঠিত হবে। কেবল ২০১৬'তে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণরা ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারবেন। ২০১৫ সালে উত্তীর্ণদের দ্বিতীয়বার ভর্তির আবেদনের সুযোগ থাকছে না।

বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক শাখা সূত্রে জানা যায়, এ বছর 'এ' ইউনিটে ৯৪১ সিটের বিপরীতে ২১ হাজার ২৩১, 'বি' ইউনিটে ২০০ সিটের বিপরীতে ১৭ হাজার ৯৭২, 'সি' ইউনিটে ৬৬০ সিটের বিপরীতে ৩২ হাজার ৮০২, 'ডি' ইউনিটে ৫২০ সিটের বিপরীতে ১৭ হাজার ৫২৮, 'ই' ইউনিটে ৮০৮ সিটের বিপরীতে ২৪ হাজার ১৮৬, 'এফ' ইউনিটে ৪২৬ সিটের বিপরীতে ১৯ হাজার ৯২৯, 'জি' ইউনিটে ২১২ সিটের বিপরীতে ১৩ হাজার ৯২৬, 'এইচ' ইউনিটে ২৭২ সিটের বিপরীতে ২৯ হাজার ৫৭, 'আই' ইউনিটে ১২০ সিটের বিপরীতে দুই হাজার ৩১৮ জন পরীক্ষার্থী আবেদন করেছেন। উল্লেখ্য, ভর্তি প্রক্রিয়া সম্পর্কিত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.ru.ac.bd- এ পাওয়া যাবে।